৫ বর্ষ ৪৭ সংখ্যা ৪ এপ্রিল ২০০৩

এই শতাব্দীর সাপ্তাহিক ২০০০

বিশ্বের মুক্তিকামী সংগ্রামী জাতিগুলো কখনই বহিরাগতদের আগ্রাসন মেনে নেয়নি। সাম্রাজ্যবাদী আগ্রাসনের বিরুদ্ধে তারা মরণপণ লড়েছে। ইতিহাস সাক্ষ্য দেয় যে, অবশেষে মুক্তিকামী জাতির বিজয় হয়েছে। অভিন্ন জাতিসত্তার মনোবল নিয়ে ইরাকিরা ইঙ্গ-মার্কিন বাহিনীর অনৈতিক আগ্রাসী হামলার বিরুদ্ধে লড়ছে। রুখে দিয়েছে জোট বাহিনীর অগ্রযাত্রা। সমগ্র ইরাকে জোট বাহিনী তীব্র প্রতিরোধের মুখে। বাগদাদে যেন স্টালিনগ্রাদের প্রতিধ্বনি হচ্ছে। প্রশ্ন উঠেছে, তাহলে কি মার্কিনিরা আরো একটি ভিয়েতনামের পরাজয় বরণ করতে যাচ্ছে?

মার্কিনিদের অনেকের মনেই এখন ভিয়েতনাম যুদ্ধের দুঃসহ স্মৃতি ফিরে আসছে। গত ২৮ বছর ধরেই ভিয়েতনাম মার্কিনিদের দুঃস্বপ্ন। সে যুদ্ধে মার্কিনির ২১ হাজার সৈন্য নিহত হয়েছিলো। অবশেষে পরাজয় মেনে ফিরে এসেছে মার্কিন বাহিনী। সম্প্রতি এক সাক্ষাৎকারে সিরীয় প্রেসিডেন্ট হাফেজ আল আসাদ সে কথাই মনে করিয়ে দিয়েছেন। লেবাননের দৈনিক আস-সাফিরকে দেয়া সাক্ষাৎকারে আসাদ বলেছেন, 'যুক্তরাষ্ট্র ইরাকে ভিয়েতনামের মতো অবরুদ্ধ হয়ে পড়তে পারে। তাদের '৮০-র দশকে যেভাবে লেবানন ছেড়ে যেতে হয়েছিলো, ইরাকেও তেমনই হতে পারে।' এখন মূলত যুক্তরাষ্ট্র ও ব্রিটেন ইরাকে জনযুদ্ধের মুখোমুখি হতে যাচ্ছে। এ পরিণতি স্টালিনগ্রাদে জার্মান বাহিনীর পরাজয়ের স্মৃতি ও রক্তস্রোতকে স্মরণ করিয়ে দেয়।

যুদ্ধ শুরুর আগে মার্কিন গোয়েন্দা সংস্থার ইরাক সম্পর্কে দৃশ্যত ভুল ধারণা ছিলো। তারা ভেবেছিলো একনায়ক সাদ্দামের বিরুদ্ধে তাদের আগ্রাসন জনগণ মেনে নেবে। ইরাকের জাতীয়তাবাদী চেতনায় উদ্ভাসিত জনতা এই আগ্রাসন মেনে নেয়নি। তারা সুদক্ষ, প্রযুক্তিগতভাবে এগিয়ে থাকা ইঙ্গ-মার্কিন বাহিনীর বিরুদ্ধে গেরিলা যুদ্ধ করতে ইরাকি সৈন্যদের সহযোগিতা করছে। বিমান হামলার ধ্বংসলীলা দেখে তারা ক্ষুব্ধ হচ্ছে। হয়ে উঠছে বজ্রকঠিন। এ কারণে একনায়ক সাদ্দামের পেছনে তারা ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ। যেমন ঐক্যবদ্ধ বাঙালি জাতি হয়েছিলো '৭১-এর মহান স্বাধীনতা যুদ্ধে মার্কিন সমর্থনপুষ্ট অত্যাধুনিক পাকবাহিনীকে পরাজয়ের গ্লানিতে ডুবিয়ে দিয়েছিল বাঙালিরা।

মার্কিন পরিস্থিতি সাদ্দামকে করে তুলেছে ইরাকিদের অজেয় সৈনিক, আরব বিশ্বের নেতা। সেই ষাটের দশক থেকে সাদ্দাম নিজেকে গড়ে তুলেছেন। ক্ষমতাসীন হয়ে দক্ষতার সঙ্গে ত্রিভাগে বিভক্ত ইরাকের অখন্ডতা ধরে রেখেছেন সাদ্দাম। আরব জাতীয়তাবাদের স্বার্থে কথা বলেছেন। নানা কৌশলে নিজের ভিতকে শক্ত করেছেন ইরাকসহ আরব জনগণের মাঝে। এ কারণে আজ ইরাকের জনগণ সাদ্দামের সঙ্গে। তিনি পাচ্ছেন আরব জনগণের সমর্থন।

ইরাক ও সাদ্দাম যেন অভিন্ন হয়ে উঠেছে। এ কারণে মরণপণ লড়ছে ইরাকের বীর সৈনিকরা। স্বাধীনচেতা ইরাকের জনগণ। এ যুদ্ধে সাময়িকভাবে ইরাকিরা পিছিয়ে থাকলেও তারাই অবশেষে জিতবে। যেমন জিতেছিলো ভিয়েতনাম ১৮ বছর পরে। বহমান ইতিহাসের এটাই নিয়ম। এ কারণে আজ শান্তিপ্রিয় মুক্তিকামী মানুষকে ইরাকের পাশে দাঁড়াতে হবে। তাদের দিতে হবে মনোবল আর সাহস।

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
মোহসিউল আদনান

প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু

সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস

প্রদায়ক
জসিম মল্লিক

আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, নাসিম আহমেদ
সুমী শাহাবুদ্দিন, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

বিশেষ বিদেশ প্রতিনিধি
মিজানুর রহমান খান

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল

জার্মানি প্রতিনিধি
সরাফউদ্দিন আহমেদ

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নূরুল কবীর

প্রযুক্তি উপদেষ্টা
শাহরিয়ার ইকবাল রাজ

শিল্প নির্দেশক
কনক আদিত্য

কর্মাধ্যক্ষ
শামসুল আলম

যোগাযোগ
৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স ঃ **৯৩৫০৯৫১ - ৩**
সার্কুলেশন/বিজ্ঞাপন ঃ **৯৩৪৯৪৫৯**
ফ্যাক্স ঃ **৯৩৫০৯৫৪**
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ইমেল ঃ s2000@dbn-bd.net

দাম ঃ ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে **মাহফুজ আনাম** কর্তৃক প্রকাশিত ও **ট্রান্সক্রাফট লিঃ**, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

নতুন ইমেল ঃ s2000@dbn-bd.net